



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইক্কটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২২-১৪৭


তারিখ: ১৪ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ৪র্থ গণবিজ্ঞপ্তির কার্যক্রম গ্রহণ করার নিমিত্ত ই-রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। এ জন্য যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নতুনভাবে ই-রেজিস্ট্রেশন করবেন তাদেরকে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে ই-রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশন করা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে User ID এবং Password ব্যবহার করে ই-রেজিস্ট্রেশন ফর্মের Edit অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ করতে হবে। নতুন ই-রেজিস্ট্রেশন এবং প্রোফাইল হালনাগাদ করার সর্বশেষ তারিখ ৩১ মে, ২০২২ খ্রিঃ। নির্ধারিত তারিখের মধ্যে প্রতিষ্ঠানের প্রোফাইল হালনাগাদ করা না হলে পরবর্তীতে উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে শিক্ষক চাহিদা (e-requisition) প্রদান করা সম্ভব হবে না।

৩। সঠিকভাবে এ কাজটি সম্পাদনের জন্য সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) প্রধানগণকে এনটিআরসিএ এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ই-রেজিস্ট্রেশন সেবা বক্সে প্রদর্শিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।


29.04.2022 খ্রিঃ
(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোন নং- ০২-৪১০৩০০৪৭।